গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
পোস্টমাস্টার জেনারেল এর দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা-১০০০।

স্মারক নং-১৪.৩১.০০০০.২০৭.১১.০১০.১৮

তারিখ: ঢাকা ৩০/০২/১৪২৬ বং
১৩/০৬/২০১৯খ্রিঃ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

পোস্টমাস্টার জেনারেল, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা-১০০০ এবং এর অধীনস্থ অফিসসমুহে নিম্নেবর্ণিত রাজস্বভূক্ত পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) (১০,২০০-২৪,৬৮০) | ১৮-৩০ বৎসর | ৪ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সাঁট লিপিতে বাংলা ও ইরেজীতে প্রতি মিনিট ন্যূনতম গতি যথাক্রমে ৬০ ও ৮০ এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং,ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে বাংলা ও ইরেজীতে প্রতি মিনিট ন্যূনতম গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে। | ঢাকা (ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এর এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ (সিটি কর্পোরেশন এর এলাকা ব্যতীত) কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর সহ মোট ১০টি জেলা। **তবে উক্ত ১০ জেলা** সহ মানিকগঞ্জ ও মুন্সীগঞ্জ জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২ | উচ্চমান সহকারী (গ্রেড-১৪) (১০,২০০-২৪,৬৮০) | ১৮-৩০ বৎসর | ৭ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। | ঢাকা (ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এর এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ (সিটি কর্পোরেশন এর এলাকা ব্যতীত) কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর সহ মোট ১০টি জেলা। তবে উক্ত ১০ জেলা সহ মানিকগঞ্জ ও মুন্সীগঞ্জ জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৩ | পোস্টাল অপারেটর (গ্রেড-১৫) (৯,৭০০-২৩,৪৯০) | ১৮-৩০ বৎসর | ৯৫ | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিতে উত্তীর্ণ। | ঢাকা (ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এর এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ (সিটি কর্পোরেশন এর এলাকা ব্যতীত) কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর সহ মোট ১০টি জেলা। তবে উক্ত ১০ জেলা সহ মানিকগঞ্জ ও মুন্সীগঞ্জ জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৪ | মেইল অপারেটর (গ্রেড-১৫) (৯৭০০-২৩৪৯০) | ১৮-৩০ বৎসর | ৬৮ | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর, শেরপুর, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, লক্ষীপুর, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ সহ মোট ২৩টি জেলা। তবে উক্ত ২৩ জেলা সহ মানিকগঞ্জ, চাঁদপুর, ফেনী ও বান্দরবান জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | করতে পারবেন। |
| ৫ | ড্রাফটসম্যান (গ্রেড-১৫) (৯৭০০-২৩৪৯০) | ১৮-৩০ বৎসর | ১ | কোন স্বীকৃত ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান হতে ড্রাফটসম্যানশীপ সার্টিফিকেটধারী। | ঢাকা (ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এর এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ (সিটি কর্পোরেশন এর এলাকা ব্যতীত) কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর সহ মোট ১০টি জেলা। তবে উক্ত ১০ জেলা সহ মানিকগঞ্জ ও মুন্সীগঞ্জ জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৬ | ড্রাইভার (ভারী) (গ্রেড-১৫) (৯,৭০০-২৩,৪৯০) | ১৮-৩০ বৎসর | ৩ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) ভারী গাড়ী চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারী গাড়ী চালানার ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | ঢাকা (ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এর এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ (সিটি কর্পোরেশন এর এলাকা ব্যতীত) কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর সহ মোট ১০টি জেলা। তবে উক্ত ১০ জেলা সহ মানিকগঞ্জ ও মুন্সীগঞ্জ জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৭ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) (৯,৩০০-২২,৪৯০) | ১৮-৩০ বৎসর | ৫ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের ডিগ্রী। (খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে বাংলা ও ইরেজীতে প্রতি মিনিট ন্যনতম গতি যথাক্রমে ২০ ও ২০ শব্দ থাকতে হবে। | ঢাকা (ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এর এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ (সিটি কর্পোরেশন এর এলাকা ব্যতীত) কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর সহ মোট ১০টি জেলা। তবে উক্ত ১০ জেলা সহ মানিকগঞ্জ ও মুন্সীগঞ্জ জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

২। নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. ১৬/৬/২০১৯ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩ নং কলামের বর্ণনা অনুযায়ী ন্যূনতম ১৮ বছর ও সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সসীমা ন্যূনতম ১৮ বছর ও সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

গ.নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঘ.লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঙ. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজ পত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থী'র প্রার্থীতা আবেদনের যে কোন পর্যায়ে বাতিল করা যাবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে উক্ত মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং আবদেনকারী যে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

চ.কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ছ.নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক.পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ http://pmgcc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরুপঃ

i. Online -এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৬/৬/২০১৯ খ্রিঃ সকাল ১০:০০ টা ।

ii. Online -এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ১৫/৭/২০১৯ খ্রিঃ বিকাল ০৫:০০ টা ।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ আবেদনপত্র Online -এ আবেদনপত্র submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। **ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।**

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র **submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রাথী Online -এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ.SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভূলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী **Download** পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে সকল পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২.০০ টাকা সহ মোট ১১২/- (এক শত বার) টাকা ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, "Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: PMGCC<Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: PMGCC ABCDEF

Reply: Applicant's Name, TK. 112 will be charged as Application fee. Your PIN is XXXXXXXXXX To pay fee Type PMGCC<Space>yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: PMGCC<Space>Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PMGCC YES XXXXXXXXXX

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for PMGCC Application for Post XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXXXX).

চ.প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pmgcc.teletalk.com.bd অথবা ডাক অধিদপ্তরের Website: www.bdpost.gov.bd -এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User IDএবং Password ব্যবহার করে পরবর্তী রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে PMGCC<space>Help<Space>User ID & Send to 16222.

Example : PMGCC Help User ABCDEF

(ii) PIN Number জানা থাকলে PMGCC<space>Help<Space> PIN<Space> PIN No & Send to 16222.

Example PMGCC **Help** PIN **12345678**

ঝ. Online -এ আবেদন করতে কোনো সমস্যা হলে vas.query@teletalk.com.bd অথবা pmgccsb@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।

১৬/৬/২০১৯

(মুহাঃ আখতারুজ্জামান)
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল,
কেন্দ্রীয় সার্কেল, ঢাকা
ও
সদস্য সচিব, নিয়োগ কমিটি।